দৈনিক সংবাদ ৩১
তারিখ 30 OCT 1998
পৃষ্ঠা ৭ কলাম ৮

রাবি গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগ

# ভর্তি পরীক্ষার ৬টি খাতা পাওয়া যাচ্ছে না

।। এন এম জাহাঙ্গীর আলম ।।

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৯শে অক্টোবর।– রাজশাহী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষার ছয়টি খাতা পাওয়া যাচ্ছে না বলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি ঘনিষ্ঠ সূত্র জানায়।

সূত্রমতে, এবারের ১৯৯৭–৯৮ শিক্ষাবর্ষে অনার্স প্রথমবর্ষে ঐ বিভাগে ৩৯ জন ছাত্রছাত্রীকে ভর্তি করা হয়। এরপর ভর্তি পরীক্ষার খাতায় অনিয়ম, দুর্নীতি ও জালিয়াতির অভিযোগ উঠে। এরই পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার খাতাগুলো তলব করেন। বিভাগের পক্ষ থেকে উপাচার্যকে ৩৯টি খাতার মধ্যে ৩৩টি খাতা প্রদান করা হয়। বাকি ৬টি খাতা পাওয়া যাচ্ছে না বলে উল্লেখ করে বিভাগীয় কর্তৃপক্ষ পরবর্তীতে দেয়ার কথা জানান। কিন্তু এ রিপোর্ট লেখা পর্যন্ত (২৬শে অক্টোবর) দেয়া হয়নি বলে সূত্র জানায়।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের ঐ ঘনিষ্ঠ সূত্রটি জানায়, ছয়টি খাতার মধ্যে ভর্তি পরীক্ষার খাতায় জালিয়াতি ও অনিয়মের অভিযোগে অভিযুক্ত ৩ জন ছাত্র-ছাত্রীর খাতাও রয়েছে। সূত্রটি ধারণা করছে, ভর্তি পরীক্ষার খাতায় জালিয়াতির সঙ্গে যুক্ত একজন শিক্ষক খাতা ছয়টি 'গায়েব' করে দিয়েছে।

এদিকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের শিক্ষক আবদুস সালামের বিরুদ্ধে ডিপ্লোমা কোর্সে অনিয়মতান্ত্রিকভাবে ছাত্রছাত্রী ভর্তি, শিক্ষার্থীদের নিকট থেকে নানা অজুহাতে অর্থ আদায়, শ্রেণীকক্ষে ছাত্রছাত্রীদেরকে মারধর, কানধরাসহ অনেক অভিযোগ পাওয়া গেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধ্যাপক সালামকে পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার কর্মকাণ্ড থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন।

অন্যদিকে ভর্তি পরীক্ষার খাতায় অনিয়ম ও জালিয়াতির অভিযোগ তদন্তে গঠিত কমিটি তাদের কার্যক্রম শুরু করেছে। গত ২৬শে অক্টোবর সকালে কমিটির সদস্যরা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের শিক্ষকদের সাক্ষ্য গ্রহণ ও বেশকিছু কাগজপত্র পরীক্ষা করে দেখেছেন বলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ঐ সূত্রটি 'সংবাদ'কে জানায়।